কালের কণ্ঠ

তারিখ 05 MAR 2017
পৃষ্ঠা ৬ কলাম ১

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপী চাকরি মেলা শুরু

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপী 'চতুর্থ আরইউসিসি (রাজশাহী ইউনিভার্সিটি ক্যারিয়ার ক্লাব) জব ফেয়ার ২০১৭' শুরু হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ সুখরঞ্জন সমাদ্দার শিক্ষক-ছাত্র সাংস্কৃতিককেন্দ্র চত্বরে এ মেলার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মুহম্মদ মিজানউদ্দিন।

রাবি ক্যারিয়ার ক্লাবের সভাপতি কাজী মাহামুদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান, ছাত্র-উপদেষ্টা অধ্যাপক মো. মিজানুর রহমান, সমাজকর্ম বিভাগের সভাপতি অধ্যাপক মো. ছাদেকুল আরেফিন, মার্কেটিং বিভাগের অধ্যাপক শাহ আজম শান্তনু, হিসাববিজ্ঞান ও তথ্য-ব্যবস্থা বিভাগের প্রভাষক মো. ইমরান হোসেন প্রমুখ।

আয়োজক সূত্রে জানা গেছে, মেলায় প্রাণ-আরএফএল গ্রুপ, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়, ব্র্যাক, সজীব গ্রুপ, এসিসিএ বাংলাদেশ, বিএসবি গ্লোবাল নেটওয়ার্ক, লোটো, ওরাকল বিসিএসসহ প্রায় ২০টির মতো প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে। এখানে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোর স্টলে জীবনবৃত্তান্ত জমাপূর্বক চাকরির আবেদন করতে পারবে। যোগ্যতা বিবেচনায় তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে চাকরির সুযোগ দেওয়া হবে।